

হিমেল আহমেদ অপি | ঢাকা | 30 April, 2025

মানবতাবিরোধী অপরাধের মামলায় আসামি হওয়ার পর আত্মগোপনে চলে গেছেন শরীয়তপুরের পালং মডেল থানার পরিদর্শক (তদন্ত) মোহাম্মদ মাসুদুর রহমান। ছুটি না নিয়েই তিনি গত ২৪ এপ্রিল থেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বলে জানিয়েছে জেলা পুলিশ।

জানা গেছে, গত বছরের ৫ আগস্ট ঢাকার আশুলিয়ায় গণ-অভ্যুত্থানের সময় ছয়জন গুলিবিদ্ধ হয়ে নিহত হন। পরে নিহতদের লাশ আশুলিয়া থানার সামনে পুলিশ ভাঙে পুড়িয়ে দেওয়ার অভিযোগে ওঠে। শহীদ সাজ্জাদ হোসেন সজলের মা শাহীনা বেগম আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মানবতাবিরোধী অপরাধের অভিযোগে একটি মামলা দায়ের করেন। মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ মোট ৪০ জনকে আসামি করা হয়, যার ২৭ নম্বর আসামি মাসুদুর রহমান। ঘটনার সময় তিনি আশুলিয়া থানার পরিদর্শক (তদন্ত) হিসেবে কর্মরত ছিলেন।

পরবর্তীতে তাঁকে শরীয়তপুর জেলা পুলিশে বদলি করা হয়। গত ১৫ সেপ্টেম্বর তিনি শরীয়তপুরে যোগ দেন এবং ১২ ডিসেম্বর পালং মডেল থানার তদন্ত পরিদর্শক হিসেবে দায়িত্ব পান।

পালং মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হেলাল উদ্দিন বলেন,

“২৪ এপ্রিল সন্ধ্যার পর থানায় এসে দেখি মাসুদুর রহমান নেই। সহকর্মীদের বলেছেন, জরুরি ফোন এসেছে—তাঁর মা অসুস্থ, তাই তাঁকে ঢাকায় যেতে হবে। এরপর থেকে আর তাঁর খোঁজ পাওয়া যায়নি।”

এ বিষয়ে শরীয়তপুরের পুলিশ সুপারের দায়িত্বে থাকা অতিরিক্ত পুলিশ সুপার (গোসাইরহাট সার্কেল) তানভির হোসেন বলেন,

“তিনি কোথায় আছেন তা আমরা জানি না। জেলা পুলিশের তালিকায় তিনি কর্মস্থলে অনুপস্থিত। তিনি মামলার আসামি কি না, সে বিষয়ে পুলিশের হেডকোয়ার্টার কিংবা আদালত থেকে এখনও কোনো তথ্য পাইনি।”

পুলিশের অভ্যন্তরে ধারণা করা হচ্ছে, গ্রেফতারের ভয়ে মাসুদুর রহমান আত্মগোপনে চলে গেছেন। বিষয়টি নিয়ে জেলা পুলিশের উচ্চমহলে আলোচনা চলছে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:00

URL: <https://www.timestodaybd.com/public/dhaka/7758071663>